**AKASHVANI(Kolkata)**
**Regional News Unit**

**Date: 16-11-2025** **Desk in Charge : SDG**

**Time : 1.30 P.M** **Compiling : Sankar M. / Saibal B.**

**DEO : KB** **NRT : Susmita Sen**

*****************************************************************

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) বিহারে বিধানসভা নির্বাচনে NDA-র বিপুল জয়লাভের পর নতুন সরকার গঠনের জন্য রাজনৈতিক তৎপরতা জোরদার হয়েছে।

২) দিল্লী পুলিশের অপরাধ দমন শাখা, 'আল ফালাহা' বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে প্রতারণা এবং জালিয়াতির অভিযোগে FIR করেছে।

৩) ছত্তিশগড়ের সুকমায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে ২ জন মহিলা সহ ৩ মাওবাদী নিহত। # জম্মু-কাশ্মীরের রাজৌরি থেকে নিরাপত্তা বাহিনী অত্যাধুনিক বিস্ফোরক উদ্ধার করেছে।

৪) লিবিয়ায় দুটি নৌকো দুর্ঘটনা চার বাংলাদেশী নাগরিকের সলিল সমাধি ঘটেছে।

৫) স্বাধীন ও দায়িত্বশীল সাংবাদিকতার উদ্‌যাপনের লক্ষ্যে আজ জাতীয় প্রেস দিবস পালিত হচ্ছে।

৬/ ইডেন টেস্টের তৃতীয় দিনে দক্ষিণ আফ্রিকা, ভারতের সামনে জয়ের জন্য দ্বিতীয় ইনিংসে ১২৪ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

*****************************************************************

বিহারে নতুন সরকার গঠন নিয়ে জোর রাজনৈতিক তৎপরতা চলছে। বিধানসভা নির্বাচনে এনডিএর বিপুল জয়ের পর গতকাল পাটনায় কেন্দ্রীয় মন্ত্রী তথা লোক জনশক্তি পার্টি (রামবিলাস)-এর সভাপতি চিরাগ পাসওয়ান, হিন্দুস্তানি আওয়াম মোর্চার সভাপতি সন্তোষ সুমন সহ কয়েকজন নেতা-জেডিইউ সভাপতি, মুখ্যমন্ত্রী নীতীশ কুমারের সঙ্গে বৈঠক করেন। জেডিইউর কার্যনির্বাহী সভাপতি সঞ্জয় ঝা ও কেন্দ্রীয় মন্ত্রী রাজীব রঞ্জন ওরফে ললন সিং গতকাল দিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহের সঙ্গে সাক্ষাৎ করেন। জানা গেছে, নতুন সরকার গঠনের প্রথিমিক আলোচনা সেখানে হয়েছে। এদিকে, রাজ্য মন্ত্রিসভার শেষ বৈঠক আগামীকাল হওয়ার সম্ভাবনা রয়েছে। এতে মন্ত্রিসভা ভেঙে দেওয়ার সুপারিশ করা হবে।

অন্যদিকে, জেডিইউ তাদের নবনির্বাচিত ৮৫ জুন বিধায়ককে পাটনায় ডেকেছে। আগুচিরান, জেডিইউ পরিষদীয় দলের বৈঠকে আগামীকাল নীতীশ কুমারকে নেতা নির্বাচিত করা হবে।

লোক জনশক্তি পার্টি (রামবিলাস)-এর বিধানসভা দলের বৈঠকে গতকাল রাজ্য সভাপতি রাজু তিওয়ারিকে নেতা নির্বাচিত করা হয়েছে। আজ হিন্দুস্তানি আওয়াম মোর্চা ও রাষ্ট্রীয় লোক মোর্চার পরিষদীয় দলের বৈঠক হওয়ার কথা।

এদিকে নির্বাচনে আরজেডির খারাপ ফলাফলের পর দলে অন্তর্দ্বন্দ্ব বেড়েছে। দলের নেতা তথা প্রাক্তন মুখ্যমন্ত্রী লালু প্রসাদের মেয়ে রোহিনী আচার্য ক্ষোভ প্রকাশ করে আরজেডি ত্যাগের কথা ঘোষণা করেছেন। লালু পরিবারের সঙ্গেও সম্পর্ক ছিন্ন করেছেন তিনি।

*************************

দিল্লি পুলিশের অপরাধ দমন শাখা আল-ফালাহ বিশ্ববিদ্যালয়ের বিরুদ্ধে দুটি পৃথক এফআইআর দায়ের করেছে, একটি প্রতারণার জন্য এবং অন্যটি জালিয়াতির ধারায়।

দিল্লি পুলিশের একটি দল গতকাল জাতীয় রাজধানীর ওখলায় অবস্থিত বিশ্ববিদ্যালয়ের অফিস পরিদর্শন করেছে। দিল্লি পুলিশ বিশ্ববিদ্যালয়কে একটি নোটিশও জারি করেছে এবং তাদের কাছ থেকে কিছু নথি চেয়েছে। এতে বলা হয়েছে, বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন (ইউজিসি) এবং জাতীয় মূল্যায়ন ও স্বীকৃতি কাউন্সিল- NAAC তাদের পর্যালোচনার সময় বিশ্ববিদ্যালয়ে গুরুতর অনিয়ম চিহ্নিত করার পরে এফআইআরগুলি নথিভুক্ত করা হয়েছে।

************************

দিল্লি মেট্রো রেলের লাল কেল্লা স্টেশনের সবকটি গেট আজ যাত্রীদের জন্য খোলা হয়েছে। গত ১০ নভেম্বর লাল কেল্লার সামনে গাড়ি বিস্ফোরণের পর থেকে বন্ধ রাখা হয়েছিল এই স্টেশন।

************************

ছত্তিশগড়ের সুকমা জেলায় নিরাপত্তা বাহিনীর সঙ্গে সংঘর্ষে ২ জন মহিলা সহ ৩ মাওবাদী নিহত হয়েছে। তুমালপাদ জঙ্গল এলাকায়  মাওবাদীদের উপস্থির খবর পেয়ে ডিস্ট্রিক্ট রিজার্ভ গার্ডের একটি দলকে তল্লাশি অভিযানে পাঠানো হলে, উভয় পক্ষের মধ্যে সংঘর্ষ শুরু হয়ে যায়। এপর্যন্ত ৩ জন মাওবাদীর দেহ উদ্ধার হয়েছে। ১৫ লক্ষ টাকা করে তাদের মাথার দাম ধরা হয়েছিল। সেখানে থেকে বহু অস্ত্রশস্ত্র ও গোলাবারুদ উদ্ধার হয়েছে। বস্তার রেঞ্জের পুলিশের আই জি সুন্দরাজ পি জানিয়েছেন, পুলিশ ও নিরাপত্তা বাহিনীর অতিরিক্ত দল পাঠানো হয়েছে। এলাকায় নিবিড় তল্লাশি চলছে।

************************

জম্মু ও কাশ্মীরের রাজৌরিতে গতকাল নিরাপত্তারক্ষী বাহিনী বেশ কিছু  বিস্ফোরক আইইডি উদ্ধার করে। পরে সেগুলিকে সুরক্ষিত অবস্থায় ধ্বংস করা হয়েছে। তবে বিস্ফোরণের সময় থানা মান্ডি মহকুমার আপার বঙ্গাই গ্রামের একটি বাড়ির আংশিক ক্ষতি হয়েছে বলে জানা গিয়েছে।

************************

কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং আজ উধমপুর – কাঠুয়া ও ডোডা লোকসভা কেন্দ্রে প্রায় ৮৭ কোটি টাকা মূল্যের বিভিন্ন প্রকল্পের উদ্বোধন করেছেন। পাশাপাশি নতুন প্রধানমন্ত্রী গ্রামীণ আবাস যোজনার আওতায় ৯২৪ কোটি টাকারও বেশি মূল্যের বিভিন্ন প্রকল্পের শিলান্যাস করেছেন। ডক্টর সিং ভার্চুয়ালি চান্নি মোড় থেকে লোয়ার সানথান মোড় পর্যন্ত উধমপুরের একটি সড়কও উদ্বোধন করেছেন।

************************

সীমান্ত এলাকায় পর্যটন সম্প্রসারণের লক্ষ্যে কৌশলগতভাবে সংবেদনশীল ডোকলাম এবং চো লা পর্যটকদের জন্য আগামী ১৫ ডিসেম্বরের মধ্যে খুলে দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে সিকিম সরকার। কড়া নিরাপত্তা বেষ্টিত এই সীমান্ত অঞ্চলে অসামরিক ব্যক্তিরা এই প্রথম প্রবেশের অনুমতি পাবেন। গত ২৭ সেপ্টেম্বর এই স্থানগুলি খুলে দেওয়ার কথা থাকলেও কিছু প্রশাসনিক এবং সরঞ্জাম সরবরাহ সংক্রান্ত বাধার কারণে পরিকল্পনা রুপায়নে দেরি হয়েছে। সিকিমের পর্যটন বিষয়ক অতিরিক্ত মুখ্য সচিব সি.এস. রাও সাংবাদিকদের বলেন, প্রস্তুতি এখন চূড়ান্ত পর্যায়ে রয়েছে।

************************

উত্তরপ্রদেশের সোনভদ্র জেলায় একটি খনিতে গতকাল দুর্ঘটনায় একজন নিহত এবং কমকরেও ১২ জন আটকে আছেন বলে আশঙ্কার করা হচ্ছে। NDRF, SDRF এবং স্থানীয় প্রশাসনের বিভিন্ন টিম যুদ্ধকালীন তৎপরতায় উদ্ধারের কাজ চালিয়ে যাচ্ছে। পুলিশের অতিরিক্ত মহানির্দেশক পীযুষ মোরদিয়া সংবাদমাধ্যমকে জনিয়েছেন, ওবরার বিল্লি-মারকুন্ডি গ্রামের কৃষ্ণা খনিতে একটি দেওয়ার আচমকা ভেঙে পড়লে এই দুর্ঘটনা ঘটে। মৃত ব্যক্তির দেহ বের করে আনা হয়েছে।

************************

রাজভবনের পক্ষ থেকে আজ জানানো হয়েছে আগামীকাল ভোর পাঁচটা থেকে রাজভবন নাগরিক সমাজ ও সাংবাদিকদের জন্য খুলে দেওয়া হবে, তবে ১০০ জনের বেশি ঢুকতে দেওয়া হবে না। তারা খুজে দেখতে পারেন রাজভবনের মধ্যে কোনো অস্ত্রশত্র লোকানো রয়েছে কিনা।

প্রসঙ্গত, শ্রীরামপুরের সাংসদ কল্যাণ বন্দোপাধ্যায় অভিযোগ করেছিলেন, রাজভবন থেকে অস্ত্রশস্ত্র বণ্টন করা হচ্ছে ।

রাজভবনের বিবৃতিতে আরো বলা হয়েছে, সাংসদের বক্তব্য যদি অসাড় ও ভিত্তিহীন বলে প্রমানিত হয় তাহলে তাঁকে বাংলার মানুষের কাছে ক্ষমা চাইতে হবে এবং ঘৃণাভাষনের জন্য আইনি প্রক্রিয়ার মুখোমুখি হতে হবে।
রাজভবন জানিয়েছে, কলকাতা পুলিশ সবসময় গোটা ভবনটিকে ঘিরে থাকে। এই অবস্থায় কি করে তারা অস্ত্রশস্ত্র ঢোকার অনুমোদন দিতে পারে তা অবিলম্বে তদন্ত করে দেখা প্রয়োজন।

উল্লেখ্য, রাজ্যপাল Z প্লাস স্তরের নিরাপত্তা পেয়ে থাকেন। বিবৃতিতে জানানো হয়েছে, রাজ্যপালের নিরাপত্তার দায়িত্বে থাকা অফিসাররা তাঁকে যতক্ষণ না এ নিয়ে তদন্ত শেষ হচ্ছে, ততক্ষন অন্যত্র থাকতে অনুরোধ করেছেন। তবে, রাজ্যপাল সিভি আনন্দ বোস স্পষ্ট জানিয়েছেন, যাই হোক না কেন, তিনি রাজভবন ছেড়ে যাবেন না। ইতিমধ্যেই রাজভবনের পক্ষ থেকে লোকসভার অধ্যক্ষকে ওই সাংসদের ব্যাপারে অভিযোগ দায়ের করা হয়েছে।

************************

কেরালায়, শবরীমালা মন্দির আজ সন্ধ্যায় বার্ষিক মন্ডলা-মকরবিলাক্কু তীর্থযাত্রার জন্য খুলে দেওয়া হবে। ত্রাভাঙ্কর দেবস্বম বোর্ড জানিয়েছে যে সমস্ত ব্যবস্থা ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে। গর্ভগৃহটি বিকেল ৫ টায় খোলা হবে। এই সময় ই ডি প্রসাদ শবরীমালার

নতুন প্রধান পুরোহিত হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন এবং এম জি মনু মালিকাপুরমের প্রধান পুরোহিত হিসেবে দায়িত্ব গ্রহণ করবেন। নবনিযুক্ত দেবস্বম বোর্ডের সভাপতি কে জয়কুমার আজ সন্নিধানমে পৌঁছবেন। প্রতিদিন মোট ৯০ হাজার তীর্থযাত্রীকে প্রবেশের অনুমতি দেওয়া হবে। যেখানে ৭০ হাজার তীর্থযাত্রীকে অনলাইন ভার্চুয়াল কিউ বুকিংয়ের মাধ্যমে এবং ২০,০০০ জনকে স্পট বুকিংয়ের মাধ্যমে প্রবেশের অনুমতি দেওয়া হবে। সর্বাধিক প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য বাতিল করা অনলাইন স্লটগুলিকে স্পট বুকিংয়ের জন্য পুনরায় বরাদ্দ করা হবে।

************************

লিবিয়া উপকূলের কাছে দুটি নৌকো উল্টে ৪ জন বাংলাদেশী নাগরিকের মৃত্যু হয়েছে। দুটি নৌকোয় মোট ৯৫ জন শরণার্থী ছিলেন বলে মনে করা হচ্ছে। বৃহস্পতিবার সন্ধ্যায় ত্রিপলির ১১৮ কিলোমিটার দূরে এই দুর্ঘটনা ঘটে। দুটি নৌকোয় মোট ২৬ জন বাংলাদেশী নাগরিক ছিলেন।

উল্লেখ্য, একদিন আগেই আন্তর্জাতিক শরণার্থী সংস্থা জানিয়েছিল, আলবুরি তৈল ক্ষেত্রের কাছে একটি রবারের নৌকো উল্টে যাওয়ায় ৪২ জন এখনও নিখোঁজ।

************************

ব্রিটিশ সরকার বেআইনী অভিবাসন কমাতে নতুন পরিকল্পনা ঘোষণা করেছে। এতে শরণার্থীদের সুরক্ষা অনেকটাই কমে যাবে এবং আশ্রয়প্রার্থীদের সুযোগ সুবিধার অনেক হ্রাস পাবে। ডেনমার্কের কঠোর আশ্রয়নীতির অনুসরণে ব্রিটিশ প্রধানমন্ত্রী কিয়ের স্টারমার নতুন নীতি ঘোষণা করার পর তা বিভিন্ন মহলের সমালোচনার মুখে পড়ে।

************************

পর্তুগালে নিযুক্ত ভারতীয় রাষ্ট্রদূত পুনিত রায় কুন্ডল লিসবনে ২০২৫-এর ডিপ্লোম্যাটিক বাজারে ভারতীয় প্রদর্শনীতে, সেদেশের রাষ্ট্রপতি মার্সেলো রেবেলো দ্য সৌসা-কে স্বাগত

জানিয়েছেন। এক সমাজমাধ্যম বার্তায় ভারতীয় দূতাবাস জানিয়েছে, প্রর্শনীতে ভারতের সমৃদ্ধ-সাংস্কৃতিক ঐতিহ্য, তুলে ধরা হয়েছে।

ভারত পর্তুগাল, কুটনৈতিক সম্পর্কের ৫০ বছর পূর্তি উপলক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এমাসের ৫ তারিখে ভারত ও পর্তুগাল, পঞ্চম বিদেশ দফতর আলোচনা সম্পূর্ণ করেছে। তাতে দু-দেশের রাজনৈতিক অর্থনেতিক, সাংস্কৃতিক এবং জনগণে পারস্পরিক সম্পর্কের বিষয়গুলি খতিয়ে দেখা হয়। প্রতিরক্ষা, পুনর্নবিকরণযোগ্য শক্তি, কৃষি, বিজ্ঞান ও প্রযুক্তি, পর্যটন, এবং শিক্ষা ক্ষেত্র পারস্পরিক সহযোগিতার দিকগুলি খতিয়ে দেখা হয়। উভয় পক্ষ বকেয়া দ্বিপাক্ষিক চুক্তিগুলি দ্রুত সম্পন্ন করার ব্যাপারে এক মত হয়েছে।

************************

ভারতীয় বিমান বাহিনী আজ থেকে ফ্রান্সে শুরু হওয়া অষ্টম দ্বিপক্ষিক বিমন মহড়া-'গরুড়-২৫'-এ অংশ নিচ্ছে। এই মহড়া চলবে ২৭ শে নভেম্বর পর্যন্ত।
প্রতিরক্ষা মন্ত্রক জানিয়েছে, সমর ক্ষেত্রের বাস্তবিক পরিবেশে কৌশল ও প্রতিবার উন্নত করাই এই মহড়ার লক্ষ্য। এছাড়া এর মাধ্যমে দুই বাহিনীর মধ্যে পেশাদার যোগাযোগ, অভিজ্ঞতা বিনিময় করে নেওয়ার সুযোগ তৈরি হবে। মহড়ায় ভারতীয় বিমান বাহিনীর সুখোই সু-৩০ এমকেআই যুদ্ধবিমান অংশ নিচ্ছে।

************************

বিদেশমন্ত্রী ডঃ এস জয়শঙ্কর বাহরিনের বিদেশমন্ত্রী ডঃ আব্দুল লতিফ বিন রশিদ আলজায়ানির সঙ্গে টেলিফোনে কথা বলেছেন। সমাজ মাধ্যমের এক পোস্টে ডঃ জয়শঙ্কর বলেন, ভারত ও বাহরিনের মধ্যে দীর্ঘস্থায়ী এবং বহুমুখী অংশীদারিত্বকে আরও শক্তিশালী করার বিষয়ে ইতিবাচক আলোচনা হয়েছে। আঞ্চলিক এবং বিশ্বব্যাপী উন্নয়নের বর্তমান পরিস্তিথির বিষয়ে দুই নেতার মধ্যে মতামত বিনিময় হয়েছে বলেও জানিয়েছেন তিনি।

************************

রাশিয়ার রাষ্ট্রপতি ভ্লাদিমির পুতিন এবং ইসরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহু গতকাল টেলিফোনে মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক বিভিন্ন বিষয়ে আলোচনা করেছেন। গাজা, ইরানের পারমাণবিক কর্মসূচি এবং সিরিয়ার পরিস্থিতি নিয়ে বিস্তারিত আলোচনা করেন তাঁরা। রাশিয়ার বিদেশমন্ত্রক জানিয়েছে, যুদ্ধবিরতি চুক্তি বাস্তবায়ন এবং গাজা উপত্যকায় বন্দী বিনিময়, ইরানের পারমাণবিক কর্মসূচির অবস্থা এবং সিরিয়াকে স্থিতিশীল করার মতো বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেছেন দুই নেতা।

************************

দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি সিরিল রামাফোসা বলেছেন যে মার্কিন যুক্তরাষ্ট্র অংশগ্রহণ না করলেও G20 সম্মেলন পরিকল্পনা অনুসারেই অনুষ্ঠিত হবে।

জোহানেসবার্গের ক্লিপটাউনে ভাষণে রামাফোসা বলেন, দক্ষিণ আফ্রিকা বিশ্ব নেতাদের স্বাগত জানাতে এবং একটি সফল বৈঠক করতে প্রস্তুত। তিনি আরও বলেন যে বেশিরভাগ G20 নেতা তাদের উপস্থিতি নিশ্চিত করেছেন।

আফ্রিকানদের প্রতি দুর্ব্যবহার এবং গণহত্যার অভিযোগ তুলে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প শীর্ষ সম্মেলন থেকে সমস্ত মার্কিন প্রতিনিধিদের প্রত্যাহার করে নিয়েছেন। তবে দক্ষিণ আফ্রিকা ট্রাম্পের অভিযোগ প্রত্যাখ্যান করেছে এবং তার ঘোষণাকে দুঃখজনক বলে অভিহিত করেছে।

উল্লেখ্য জি20 সম্মেলন দক্ষিণ আফ্রিকার বৃহত্তম শহর এবং অর্থনৈতিক কেন্দ্র জোহানেসবার্গে ২২ এবং ২৩ নভেম্বর অনুষ্ঠিত হওয়ার কথা।

************************

দেশে আজ জাতীয় প্রেস দিবস পালিত হচ্ছে। প্রতি বছর ১৬-ই নভেম্বর দায়িত্বশীল ও স্বাধীন সংবাদমাধ্যমকে উদযাপন করতে জাতীয় প্রেস দিবস পালিত হয়।

১৯৬৬ সালে প্রেস কাউন্সিল অফ ইন্ডিয়া এই দিনটিতে প্রতিষ্ঠিত হয়েছিল। স্বাধীনভাবে নৈতিক দায়িত্ব পালনের জন্য এই সংস্থার জন্ম হয়। সংবাদ মাধ্যম যাতে কোনভাবে প্রভাবিত না হয় এবং তাদের যাতে কোন বাধার সম্মুখীন না হতে হয়, সেদিকে নজরদারি চালায় প্রেস কাউন্সিল অফ ইন্ডিয়া। ভুল তথ্য, দায়িত্বজ্ঞানহীন সাংবাদিকতাকে রুখতে প্রেস কাউন্সিলের ভূমিকা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস, এই উপলক্ষ্যে আজ সাংবাদিকদের শুভেচ্ছা জানিয়েছেন।

************************

ইডেনে প্রথম ক্রিকেট টেস্ট ম্যাচ জয়ের জন্য দক্ষিণ আফ্রিকা ভারতের সামনে ১২৪ রানের লক্ষ্যমাত্রা রেখেছে। আজ তৃতীয় দিনের সকালে মধ্যাহ্নভোজের বিরতির আগে দক্ষিণ আফ্রিকার দ্বিতীয় ইনিংস ১৫৩ রানে শেষ হয়। অধিনায়ক টেম্বা বাভুমা ৫৫ রানে অপরাজিত থাকেন। ১২৪ রানের লক্ষ্যে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে ভারত শেষ পাওয়া খবরে, ৫ উইকেটে ৬৪ রান করেছে।

************************************************************